

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মানুসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মানুসা শাখা-২  
([www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd))

নং- ৫৭.০০.০০০০.০৮৫.০১৮.৫১.১৯-০৬

তারিখ: ২৪ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ  
০৮ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: মানুসা শিক্ষা ধারায় বৃত্তিমূলক কোর্স চালুর লক্ষ্যে জনবল নিয়োগ প্রসংগে।


মূত্র: অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং- ০৭.০০.০০০০.১০২.২০.০৩৭.১৪.৬৭৭, তারিখ: ০৩ নভেম্বর, ২০১৯খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মানুসা শিক্ষা ধারায় বৃত্তিমূলক কোর্স চালুর লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত ৯২টি মানুসা শিক্ষা প্রতিষ্ঠানে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মানুসা) জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ সংশোধনক্রমে প্রতিটি প্রতিষ্ঠানে ০২টি ট্রেড ইনস্ট্রাক্টর এবং ০২টি ল্যাব এ্যাসিস্টেন্ট/শপ এ্যাসিস্টেন্ট/কম্পিউটার ল্যাব এ্যাসিস্টেন্ট পদসহ মোট ০৪টি পদ অন্তর্ভুক্তসহ জনবল নিয়োগের জন্য অর্থ বিভাগ হতে সম্মতি পাওয়া গেছে।

২.০ এমতাবস্থায়, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত ৯২টি মানুসা শিক্ষা প্রতিষ্ঠানে এন্ট্রি লেভেলে ট্রেড ইনস্ট্রাক্টর পদে ট্রেড ইনস্ট্রাক্টর নিয়োগ যোগ্যতা, বয়স ও বেতন ক্ষেত্র অনুযায়ী জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্র.নং	পদের নাম ও সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বয়স	বেতন ক্ষেত্র
১	২	৩	৪	৫
১.	ট্রেড ইনস্ট্রাক্টর ০২টি	কোন স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট টেকনোলজিতে ন্যূনতম ২য় বিভাগে (সমমান সিজিপিএ) ডিপ্লোমা- ইন-ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন/ডিপ্লোমা-ইন-ভোকেশনাল এডুকেশন/ কৃষি ডিপ্লোমা (তিনি অথবা চার বছর মেয়াদী) বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি তার শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে।	অনুর্ধ্ব ৩৫ বৎসর (তবে সমপদের ইনভেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)	গ্রেড-১০ ১৬০০০- ৩৮৬৪০/-

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

  
মেয়দ অসিফুর আলী  
সহকারী সচিব (মানুসা-২)  
০৮/১১/২০২০  
ফোন নং ৯৫৪৫৭২০

চেয়ারম্যান  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার  
৩৭/৩/এ, ইক্সটার্ন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:**

- ১। মহাপরিচালক, মানুসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল নং-০৩, ইক্সটার্ন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। যুগ্ম-প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (তাঁকে সেসিপ প্রকল্পের আওতায় নির্বাচিত ৯২টি মানুসার তালিকা (ট্রেড ডিগ্রিক) জরুরীভিত্তিতে চেয়ারম্যান, এনটিআরসিএ-কে সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মানুসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪।  সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মানুসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অফিস কপি।